গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কিশোরগঞ্জ সদর, কিশোরগঞ্জ।
www.kishoreganjsadar.kishoreganj.gov.bd

## হাটবাজার ইজারা সংক্রান্ত দরপত্র বিজ্ঞপ্তি

কিশোরগঞ্জ সদর উপজেলাধীন নিম্নবর্ণিত হাটবাজারসমূহ বাংলা ১৪২৬ সনের ১লা বৈশাখ থেকে ৩০ শে চৈত্র পর্যন্ত মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী ব্যক্তিগণের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্ধারিত সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রসমূহ আগামী **২৫/০২/২০১৯** খ্রি. তারিখ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত (১) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কিশোরগঞ্জ সদর (২) সহকারী কমিশনার (ভূমি), কিশোরগঞ্জ সদর (৩) কিশোরগঞ্জ মডেল থানা (৪) জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ (এলজি শাখা) (৫) সোনালী ব্যাংক, কিশোরগঞ্জ শাখায় রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করা যাবে। উক্ত তারিখ বেলা ২.০০ ঘটিকার সময় দরপত্রদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সটি খোলা হবে। দরপত্রের শর্তাবলী সম্বলিত সিডিউল নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন উল্লিখিত অফিসসমূহ থেকে ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের দিন কোন সিডিউল বিক্রয় করা হবেনা।

উল্লেখ্য যে, দরপত্র দাখিলের ১ম তারিখে কোন বাজারের অনুকূলে দরপত্র পাওয়া না গেলে অথবা দাখিলকৃত দরপত্রে কাঙ্খিত দর পাওয়া না গেলে পরবর্তীতে যথাক্রমে **০৫/০৩/২০১৯** খ্রি. তারিখ, **১৩/০৩/২০১৯** খ্রি. তারিখ ও **১০/০৪/২০১৯** খ্রি. তারিখ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত উল্লেখিত অফিসসমূহে দরপত্র গ্রহণ করা হবে। এক্ষেত্রে দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত উল্লেখিত অফিসসমূহ হতে অফিস চলাকালীন নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) দরপত্র সিডিউল ক্রয় করা যাবে।

| ক্রঃ নং | হাটবাজারের নাম | ইউনিয়ন | কাঙ্খিত সরকারী ইজারামূল্য | সিডিউলের মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১. | শ্যামরায়ের বাজার | রশিদাবাদ | ২৩,৭০০/- | ৫০০/- | |
| ০২. | লতিবপুর মোড় বাজার | রশিদাবাদ | ৩৯,২০০/- | ৫০০/- | |
| ০৩. | সাদুল্লাচর বাজার | লতিবাবাদ | ৪,৬৮,০০০/- | ১,৬০০/- | |
| ০৪. | লক্ষীগঞ্জ বাজার | লতিবাবাদ | ৯৪,২০০/- | ৫০০/- | |
| ০৫. | নীলগঞ্জ পুরান বাজার | মাইজখাপন | ৮৮,৫০০/- | ৫০০/- | |
| ০৬. | নীলগঞ্জ সমবায় বিপনী কেন্দ্র | মাইজখাপন | ১০,৬৫,০০০/- | ২,৮০০/- | |
| ০৭. | মিলনগঞ্জ বাজার | মাইজখাপন | ৮,৫৬,০০০/- | ২,৪০০/- | |
| ০৮. | সুন্দিরবন বাজার | মাইজখাপন | ৩,৯০০/- | ৫০০/- | |
| ০৯. | আমিরগঞ্জ বাজার | মহিনন্দ | ৯৫,০০০/- | ৫০০/- | |
| ১০. | খিরোদগঞ্জ বাজার | মহিনন্দ | ১০,৯০০/- | ৫০০/- | |
| ১১. | জালিয়া বাজার | বৌলাই | ১,৫০০/- | ৫০০/- | |
| ১২. | কাঠালিয়া বাজার | বৌলাই | ১,০০০/- | ৫০০/- | |
| ১৩. | গাবতলী বাজার | বৌলাই | ১,২০০/- | ৫০০/- | |
| ১৪. | লিয়াকতগঞ্জ বাজার | বৌলাই | ৩,৫০০/- | ৫০০/- | |
| ১৫. | যশোদল গোসাইর বাজার | যশোদল | ২,১৫,০০০/- | ১,২০০/- | |
| ১৬. | কর্শাকড়িয়াল নতুন বাজার | কর্শাকড়িয়াইল | ২০,৭০০/- | ৫০০/- | |
| ১৭. | কর্শাকড়িয়াল বানিয়া বাজার | কর্শাকড়িয়াইল | ২,০০০/- | ৫০০/- | |
| ১৮. | পুলেরঘাট বাজার | চৌদ্দশত | ৭০,১০০/- | ৫০০/- | |
| ১৯. | পুলেরঘাট লিচু বাজার | চৌদ্দশত | ১৬,০০০/- | ৫০০/- | |
| ২০. | চৌদ্দশত বাজার | চৌদ্দশত | ৮,০০০/- | ৫০০/- | |

Scanned by CamScanner

# শর্তাবলী

১। বাংলা ১৪২৬ সনের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত ১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাটবাজার ইজারা দেয়া হবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিল ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মাধ্যমে "উপজেলা নির্বাহী অফিসার, কিশোরগঞ্জ সদর" এর অনুকূলে জমা দিতে হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাটবাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

৩। দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (পচাত্তর ভাগ) অর্থ এবং মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর ও ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে **ব্যাংক ড্রাফটের** মাধ্যমে পরিশোধ করতে হবে। অন্যথায় জমাকৃত জামানত বাজেয়াপ্তকরণ পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশিষ্ট হাটবাজারের সরকারী মূল্য হতে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে। দ্বিতীয়বার দরপত্র আহবান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর সরকারী ইজারা মূল্য হতে কম হয় তাহলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারামূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

৫। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না । দরপত্র গ্রহণের দিন কোন সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভূক্ত বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবেনা।

৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোলচার্ট টাঙ্গিয়ে প্রচার করবেন।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯। ইজারাদার কর্তৃক কোন ক্রমেই হাটবাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না। যদি এরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লঙ্ঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০। ইজরাদার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩(তিন) কার্যদিবসের মধ্যে ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করবেন।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষামাজা.কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবেনা ।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাটবাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গন্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকি জমাকৃত অর্থ ইজরাদারকে প্রদান করা হবে।

১৬। হাটবাজারের ইজারার টাকা সরকারী দাবি আদায় আইন-১৯১৩ অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তি পত্রের যে কোন শর্ত লঙ্ঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।


MHasan ২০।০২।১৯

( মোঃ মাহদী হাসান )
উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ সদর, কিশোরগঞ্জ ।
টেলিফোন-০৯৪১-৬১৯৬৫
ই-মেইলঃ unokishoreganj@mopa.gov.bd


Scanned by CamScanner

স্মারক নং- ০৫.১২.৪৮৪৯.০০০.১৭.০৩২.১৩-৬৮(১০০) তারিখঃ-১০.০২.২০১৯ খ্রি

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে-

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২ জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।

০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কিশোরগঞ্জ।

০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, কিশোরগঞ্জ।

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ সদর।

০৬। মেয়র, কিশোরগঞ্জ পৌরসভা, কিশোরগঞ্জ।

০৭। উপজেলা নির্বাহী অফিসার......................................কিশোরগঞ্জ। অবগতি ও তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

০৮। সহকারী কমিশনার(ভূমি), কিশোরগঞ্জ সদর। বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

০৯। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, রূপালী ব্যাংক, অগ্রনী ব্যাংক, কৃষি ব্যাংক, পূবালী ব্যাংক লিঃ কিশোরগঞ্জ শাখা।

১০। সাব রেজিস্টার, কিশোরগঞ্জ সদর।

১১। পোষ্ট মাস্টার, কিশোরগঞ্জ পোষ্ট অফিস, কিশোরগঞ্জ।

১২। চেয়ারম্যান/সচিব.....................................ইউপি, কিশোরগঞ্জ সদর। তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা.................................ইউনিয়ন ভূমি অফিস, কিশোরগঞ্জ সদর। তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে তহশীলের আওতাধীন হাটবাজারসমূহে ঢোল সহরতের মাধ্যমে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১৪। জনাব..................................................................................
..........................................................................................বাজার।

১৫। নোটিশ বোর্ড/ অফিস কপি।

Ahasan ১০/02/১৯

( মোঃ মাহদী হাসান )
উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ সদর, কিশোরগঞ্জ।
টেলিফোন-০৯৪১৬১৯৬৫
ই-মেইলঃ unokishoreganj@mopa.gov.bd

Scanned by CamScanner